# সরকারকে চাপে ফেলতেই লতিফ সিদ্দিকীকে গ্রেপ্তার: কাদের সিদ্দিকী




কাদের সিদ্দিকী। ছবি: সংগৃহীত

কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি বঙ্গবীর কাদের সিদ্দিকী দাবি করেছেন, সরকারকে দুর্বল করার উদ্দেশ্যেই সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকীকে গ্রেপ্তার করা হয়েছে। তার মতে, শাপলা চত্বরের ঘটনায় সম্পৃক্ততা থাকলে গত বছরের ২৮ আগস্ট কারাগারে যাওয়ার সময়ই তাকে ওই মামলায় গ্রেপ্তার করা হতো।

বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেলে টাঙ্গাইলের মির্জাপুরে মির্জাপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক খোন্দকার মো. আবুল হাসনাত কিসমতের কবর জিয়ারত শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

কাদের সিদ্দিকী বলেন, আদালতে লতিফ সিদ্দিকী শাপলা চত্বরের ঘটনার সঙ্গে নিজের সম্পৃক্ততা অস্বীকার করেছেন। তিনি জানিয়েছেন, তিনি ক্রিসেন্ট কমিটির সদস্যও নন। এছাড়া সজীব ওয়াজেদ জয়কে নিয়ে দেওয়া তার আগের বক্তব্যও ভিন্নভাবে উপস্থাপন করা হয়েছিল বলে মন্তব্য করেন কাদের সিদ্দিকী।

তিনি বলেন, লতিফ সিদ্দিকীর জামিনের জন্য তারা আইনি চেষ্টা চালাবেন। আদালতে লতিফ সিদ্দিকী নিজের বক্তব্যে কঠোর মন্তব্য করলেও বিচারিক প্রক্রিয়ার প্রতি আস্থা রাখার কথাও উল্লেখ করেন তিনি।

কাদের সিদ্দিকী আরও বলেন, পাকিস্তান আমলে বিভিন্ন আন্দোলনে অংশ নিয়ে লতিফ সিদ্দিকী বহুবার কারাবরণ করেছেন। প্রয়োজন হলে বাংলাদেশেও তিনি কারাভোগ করবেন। তবে দেশে ন্যায়বিচার, গণতন্ত্র এবং মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত হওয়া প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA